

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
প্রশাসন শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ : আষাঢ় ৩১, ১৪২১ বঙ্গাব্দ/জুলাই ১৫, ২০১৪ খ্রিস্টাব্দ

নং প্রঃ শাঃ ৬/রাজ-০১/২০০৯(অংশ)/৩৮৭—ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ এর ৩৫ (চ) এবং ৪০ বিধি অনুযায়ী রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অথরাইজড অফিসার, ইমারত নির্মাণ কমিটি ও বৃহদায়তন বা বিশেষ প্রকল্প অনুমোদন কমিটির আদেশের বিরুদ্ধে পেশকৃত সকল আপিল নিষ্পত্তিকল্পে ২৯ মে, ২০১২ তারিখের প্রশা-৬/রাজ-০১/২০০৯(অংশ)/৩৭৫ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনটি আংশিক সংশোধনক্রমে অ্যাপিলেট উপ-কমিটি পুনর্গঠন করা হলো যা নিম্নরূপ :

ক্রমিক	পদবী ও কর্মস্থল	কমিটিতে অবস্থান
(১)	চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ	চেয়ারম্যান
(২)	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর	সদস্য
(৩)	অতিরিক্ত প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর	সদস্য
(৪)	উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর	সদস্য
(৫)	বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট এর সভাপতি/সাধারণ সম্পাদক	সদস্য
(৬)	বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি/সাধারণ সম্পাদক	সদস্য
(৭)	বাংলাদেশ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট এর সভাপতি/সাধারণ সম্পাদক	সদস্য
(৮)	সদস্য (প্রশাসন ও অর্থ), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য-সচিব

(১৬৪৭১)

মূল্য : টাকা ৪.০০

২। কার্যপরিধি : অ্যাপিলেট উপ-কমিটির মেয়াদ হবে ০২ (দুই) বছর। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ-এর সংশ্লিষ্ট শাখা অ্যাপিলেট উপ-কমিটিকে যাবতীয় সাচিবিক সহায়তা প্রদান করবে। অ্যাপিলেট উপ-কমিটির চেয়ারম্যান ও অপর যে কোন ০৪ (চার) জন সদস্য উপস্থিত থাকলেই সভার কোরাম গঠন হয়েছে বলে গণ্য হবে। অ্যাপিলেট “উপ-কমিটির” সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করবেন এবং অবর্তমানে তাঁর লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শ্যামলী নবী

সিনিয়র সহকারী সচিব।